[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

ব্রিফিং অনুষ্ঠিত

ঝিনাইদহে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ৫ম পর্যায়ে (২য় ধাপে) জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রেস বিফিং করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী। সে সময় ঝিনাইদহ প্রেস ক্লাবের সাংবাদিকদবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেসব্রিফিং জেলা প্রশাসক বলেন আগামী ১১ জুন মঙ্গলবার সকালে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঝিনাইদহ জেলার শৈলকুপা, কোটচাদপুর ও মহেশপুর উপজেলার ৯০টি পরিবারের মাঝে তাদের জমির দলিল ◌্এবং ঘর বুঝে দেবেন।

গাংনীতে দুদকের আয়োজনে মাধ্যমিক স্কুল পর্যায়ে বিতর্ক প্রতিযোগীতা অনুষ্ঠিত

এবার দুদক আয়োজিত বিতর্ক প্রতিযোগীয়তায় বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি বেনজির আহমেদের দুর্ণীতিচিত্র নিয়ে ব্যাপক কোটেশন তুলে ধরেছেন পক্ষে বিপক্ষের বিতার্কিকবৃন্দ। তার্কিকরা তাদের যুক্তিখন্ডন করতে গিয়ে বারবারই তুলে ধরেন সাবেক পুলিশ প্রধান বেনজিরের দুর্ণীতিচিত্র।

গাংনী উপজেলার সাহেবনগর বহুমুখী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বিতর্ক দলের দলনেতা নওরিন জাহান বলেন, শ্রেষ্ঠ বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি বেনজির আহমেদ। বলা হয়ে থাকে যখন ক্ষমতায় ছিলেন তখন সবচেয়ে

প্রভাবশালী ও বড় ক্ষমতাধর পুলিশ অফিসার ছিলেন। তার কাছে অসৎ পথে উপার্জিত হাজার কোটি টাকা। শুধুমাত্র দেশ প্রেম ও মুল্যবোধের অভাবে মানুষ বেনজিরের মত হয়ে ওঠে।

এই তার্কিক আরও বলেন, দুর্ণীতি আমাদের সমাজের রন্দে রন্দে ছড়িয়ে পড়েছে। তার উৎকৃষ্ট উদাহরণ সাবেক আইজিপি বেনজির আহমেদ।

আজ শনিবার (৮ জুন) দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে কুষ্টিয়া সমন্বিত দুর্নীতি দমন কমিশন ও গাংনী উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির (দুপ্রক) আয়োজনে মাধ্যমিক স্কুল পর্যায়ে রচনা ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শিক্ষার্থীদের মাঝে দুর্নীতি বিরোধী সচেতনতা তৈরি করতে ‘দেশপ্রেম ও মুল্যবোধের অভাবেই দুর্ণীতি বিস্তারের কারণ, বিষয়ের উপর পক্ষে-বিপক্ষে যুক্তিতর্ক তুলে ধরে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও সাহেবনগর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের তার্কিকরা।

বিতর্ক প্রতিযোগীতার সমাপনী দিনে বিতর্ক প্রতিযোগিতায় পক্ষ দল সাহেবনগর বহুমখী উচ্চ বিদ্যালয়কে যুক্তিতে হারিয়ে বিপক্ষ দল জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়।

শ্রেষ্ট বক্তা নির্বাচিত হয়েছে সাহেবনগর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের বিতার্কিক দলের নেতা নওরিন জাহান।

এতে সভাপতিত্ব করেন, গাংনী উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক মহা: আবু জাফর।

সমাপনি ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।
পুরুস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রিত অতিথি ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, কুষ্টিয়া জেলা দুর্ণীতি দমন কমিশনের সহকারী পরিচালক নীল কমল পাল ও সাইদুর রহমান।

উপস্থিত ছিলেন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, হাড়াভাঙ্গা ডিএস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রাজ্জাক, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, জোতি মাধ্যমিক

বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুর্শিদা খানম, যুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিম, করমদী ডিগ্রী কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, প্রভাষক শরীফুল ইসলাম, গাংনী সন্ধানী স্কুল এন্ড কলেজের একাডেমিক প্রধান হাবিবুর রহমান, গাংনী টেকনিকেল কলেজের অধ্যক্ষ আবুল কালাম আযাদ স্বপন প্রমুখ।

এ ছাড়াও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা দুর্ণীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানি, কমিটির সদস্য সাংবাদিক জুলফিকার আলী কানন, প্রধান শিক্ষক খুর্শিদা বেগম, কামরুজ্জামান, সহকারি অধ্যাপক দিলরুবা খানম, হুমায়ন কবীর সুমন।

বিতর্ক প্রতিযোগীতার মডারেটর ছিলেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারক, বিচারক ছিলেন গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার সাইদুর রহমান, সহকারি প্রোগ্রাম অফিসার (আইসিটি) আব্দুর রাকিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম।

দুই দিন চলমান দুর্নীতি প্রতিরোধ বিষয়ে রচনা প্রতিযোগিতা ও বিতর্ক প্রতিযোগিতায় অংশ নেই এই উপজেলা শহরের আটটি স্কুল। সমাপনি অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়।

পরে অতিথিরা সকলের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে গাংনী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক—শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গায় স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত

বাল্যবিবাহ প্রতিরোধে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর চুয়াডাঙ্গার আয়োজনে “আগে শিক্ষা পরে বিয়ে, আঠারো একুশ পার হয়ে”

প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা।

আলোচকবৃন্দ বাল্যবিবাহের ফলে মেয়েদের শিক্ষাজীবন, স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব ও মৃত্যু ঝুঁকি সম্পর্কে কোমলমতি শিক্ষার্থীদের সচেতন করেন। অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে বাল্যবিবাহ প্রতিরোধে এগিয়ে আসার উদাত্ত আহবান জানান। কোথাও বাল্য বিবাহ সংঘটিত হলে জাতীয় জরুরি সেবা-৯৯৯ অথবা ১০৯ এ কল করে জানানোর নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবেকা সুলতানা, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী সহ চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রান্তিক চাষীদের অংশগ্রহণে পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বঙ্গবন্ধুর সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ প্রতিপাদ্যে জেলা প্রশাসন চুয়াডাঙ্গা ও পাট অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আয়োজনে ডিসি সাহিত্য মঞ্চে আজ বৃহস্পতিবার সকাল দশ-টা সময় উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং

সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রান্তিক চাষীদের অংশগ্রহণে পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত হয়।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাট অধিদপ্তর উপ- পরিচালক(পরীক্ষণ) সৈয়দ ফারুক আহম্মদ।

আলোচনা অনুষ্ঠানে অতিথিবৃন্দ বিলুপ্তি প্রায় পাট ও পাটজাত দ্রব্য পুনরুদ্ধার, যুগের চাহিদার সাথে পাটজাত দ্রব্যের ব্যবহার এবং উৎপাদন বৃদ্ধির আলোকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের কথা তুলে ধরেন। পাট চাষীদের পাট চাষে উদ্বুদ্ধ করতে জেলার শ্রেষ্ঠ পাট চাষীদের ক্রেস্ট, কৃষি উপকরণ দিয়ে সম্মাননা জানানো হয়।

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ- পরিচালক বিভাস চন্দ্র সাহা,জেলা পাট উন্নয়ন কর্মকর্তা উজল কান্তি সহ জেলা প্রশাসন ও জেলা পাট উন্নয়ন কর্মকর্তাবৃন্দ সহ প্রান্তিক পর্যায়ের পাট চাষীবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে ফাইনাল খেলা অনুষ্ঠিত

গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়াতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল ৯ থেকে গাড়াবাড়ীয়া কুতুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় উপস্থিত ছিলেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দানেছুর রহমান,সহকারী শিক্ষক হাফিজুল ইসলাম, সহকারী

শিক্ষক শফিউদ্দিন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, আক্তারুজ্জামান লাভলু,জয়নাল আবেদীন,সহ আরো অনেকে।

ফাইনাল খেলায় বালক ও বালিকা উভয় প্রথম স্থান করেছেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়। বালিকা রানার আপ কাথুলী সরকারী প্রথমিক বিদ্যালয়, রানার আপ বালক কুতুবপুর সরকারী প্রথমিক বিদ্যালয়।

“বাংলাদেশের ষাট ভাগ সিমেন্টের চাহিদা মেটাবে বসুন্ধরা গ্রুপ”- এসকে জাহিদ

মেহেরপুর জেলা শহরে দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের শুভ হালখাতা ১৪৩১ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (৪ জুন) দুপুরে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্টের পরিবেশক জি. এন এন্টারপ্রাইজ ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী মো: গোলাম শহীদ (শাহেদ) ও মো: গোলাম মোর্শেদ (চন্দন) এর নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানে শুভ হালখাতা অনুষ্ঠানের আয়োজন করেন।

শুভ হালখাতা আয়োজন উপলক্ষ আয়োজিত সংক্ষিপ্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহিদ(শাহেদ)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বসুন্ধরা গ্রুপের সিমেন্ট সেক্টরের ডিএমডি এস কে জাহিদ।

প্রধান অতিথির বক্তব্যে, বসুন্ধরা গ্রুপের ডিএমডি এসকে জাহিদ বলেন, দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের কোনো পণ্যের মানের দিক থেকে কখনো কম্প্রোমাইজ করেনা। এই গ্রুপের চেয়ারম্যান যেটা ধরেন সেটাতেই সোনা ফলে। তিনি বলেন, বসুন্ধরা গ্রুপের প্রোডাকশন প্লান আরো উন্নত করা হচ্ছে। আগামীতে

বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট বাংলাদেশের চাহিদার শতকরা ষাট ভাগ মেটাবে। দেশের সব সিমেন্ট কোম্পানী বন্ধ হলেও আগামী ১০০ বছরে বসুন্ধরার সিমেন্ট উৎপাদন বন্ধ হবেনা। ব্যবসায়ীদের বসুন্ধরা গ্রুপের সাথে ব্যবসা আরও সস্প্রসারণ করার আহবান জানিয়ে তিনি বলেন, আগামীতে বসুন্ধরা গ্রুপ রড ফ্যাক্টরি স্থাপন করবে।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সিএসও শাহ জামাল সিকদার, সাউথ বেঙ্গলের ডিজিএম শাহাদাত হোসাইন, জোনাল হেড জাফরুল ইসলাম, ডিভিশনাল ম্যানেজার মুশফিকুর রহমান, এরিয়া ম্যানেজার মাসুদ সালাউদ্দিন।

হালখাতা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেসার্স জিএন এন্টারপ্রাইজের স্বতাধিকারী মোঃ গোলাম শহীদ(শাহেদ) ও মেসার্স আসিফ এন্টারপ্রাইজের পরিবেশক মোঃ গোলাম মোরশেদ (চন্দন) বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কোম্পানীর স্থানীয় রিটেইলার বৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ী বৃন্দ এবং স্থানীয় ঠিকাদার বৃন্দ। উক্ত অনুষ্ঠানে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্র্যান্ড সিমেন্ট এর গুণগত মান এবং ধারাবাহিক ঐতিহ্য সহ বাংলাদেশের উন্নয়নশীল প্রকল্পে বসুন্ধরা সিমেন্ট ও কিং ব্যান্ড সিমেন্ট এর অবদান তুলে ধরা হয় ।

উক্ত অনুষ্ঠানে রিটেইলার বৃন্দদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এর আগে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা শোনানোর অনুষ্ঠান অনুষ্ঠিত

মুক্তিযুদ্ধের চেতনা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে নতুন প্রজন্মকে গড়ে তোলার মাধ্যমে দেশ ও জাতিকে

বিশ্বের দরবারে তুলে ধরার প্রয়াসে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে শিক্ষার্থীদেরকে বীর বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন বীরত্বগাথা কথা শোনানোর অনুষ্ঠান ও কুইজ প্রতিযোগিতার মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল দশটার দিকে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স অডিটোরিয়ামে বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুজিবনগর উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত বীর মুক্তিযোদ্ধাদের বীরত্বগাথা শোনানোর অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযোদ্ধাদের চেতনা বাস্তবায়ন প্রকল্পের পরিচালক উপসচিব ডঃ মোহাম্মদ নুরুল আমিন।

বিশেষ অতিথি ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল কুমার দত্ত । এছাড়াও উপস্থিত ছিলেন ও নতুন প্রজন্মের কাছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইতিহাস তুলে ধরেন এবং মুক্তিযুদ্ধের গল্প শোনান বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে মুক্তিযুদ্ধের চেতনার গল্প শোনেন মুজিবনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীগণ ।

অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মাঝে মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মুজিবনগরে নবনির্বাচিত

চেয়ারম্যানদের সংবর্ধনা ও দায়িত্ব গ্রহণ অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সংর্বধনা অনুষ্ঠান, দায়িত্ব হস্তান্তর ও দায়িত্ব গ্রহণ এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা পরিষদের আয়োজনে, উপজেলা পরিষদ মিলনায়তনে এই সংবর্ধনা দায়িত্ব হস্তান্তরের দায়িত্ব গ্রহণ এবং সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক এবং মহাজনপুর ইউনিয়নের ৩ বারের নির্বাচিত (সাবেক) চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আমিনুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষকলীগের সভাপতি বিএম জাহিদ হাসান রাজিব, মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুনসহ উপজেলা আওয়ামী লীগ, যুবমহিলালীগ, কৃষকলীগ সহ আওয়ামী লীগ এবং এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

অনুষ্ঠানে উপজেলা পরিষদের পক্ষ হতে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের ফুলেল শুভেচ্ছা দিয়ে সংবর্ধনা জানান উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

পরে নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের হাতে পরিষদের দায়িত্ব হস্তান্তর করা হয় এবং নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান আগামী পাঁচ বছরের জন্য উপজেলা পরিষদের দায়িত্বভার গ্রহণ করেন।